

যায়যায়দিন

শিক্ষা
২২

তারিখ: 09 JUN. 2007.

পৃষ্ঠা ৭ কলাম ১

এডুকেশন সেক্টরকে দুর্নীতিমুক্ত করার শপথ যশোরে

স্টাফ রিপোর্টার যশোর

এডুকেশন সেক্টরকে দুর্নীতিমুক্ত করার শপথ নিলেন খুলনা বিভাগের ১০ জেলার অধ্যক্ষ। হাই স্কুলের প্রধান শিক্ষক, জেলা ও উপজেলা শিক্ষা অফিসাররা শপথ গ্রহণ করে বললেন, নিজেরা দুর্নীতি করবো না, নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানকে দুর্নীতিমুক্ত রাখবো।

গতকাল শুক্রবার সকালে যশোর জিলা স্কুল অডিটোরিয়ামে শিক্ষক-কর্মকর্তারা এ শপথ গ্রহণ করেন।

যশোর শিক্ষা বোর্ড আয়োজিত আঞ্চলিক মতবিনিময় সভায় যশোরের এডিএম মুজিবুর রহমানের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এ বি এম আবদুল আউয়াল মজুমদার, যুগ্ম সচিব নজরুল ইসলাম খান, বোর্ড কন্ট্রোলার আমীরুল আলম খানসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা।

বজারা নকলমুক্ত পরীক্ষার জন্য শিক্ষা খাতকে দুর্নীতির রাস্তাস থেকে বাচাতে ছাত্র-অভিভাবকসহ সবাইকে এগিয়ে আনার আহ্বান জানান।

সভায় সিদ্ধান্ত হয়, ২০১০ সাল থেকে এসএসসি ও এইচএসসি পরীক্ষা এগিয়ে আনা হবে।